

তারিখ: ২২/০৭/২০১৯ খ্রিঃ

## স্থানীয় মেলায় অংশগ্রহণ:

### ক) ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৯ -এ অংশগ্রহণ

দ্বিতীয় বারের মতো এবারও বিজেএমসি নিজস্ব প্যাভিলিয়নে রাজধানীর শেরেবাংলা নগরে ৯ জানুয়ারী থেকে ৯ ফেব্রুয়ারী '১৯ সময়ে অনুষ্ঠিত ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ করে। উক্ত মেলায় এ বছর বিজেএমসি ৬২৫ বর্গ ফুট আয়তনের ১টি সম্পূর্ণ দৃষ্টিনন্দন প্যাভিলিয়ন বরাদ্দ নিয়ে অংশগ্রহণ করে। প্যাভিলিয়নে বিজেএমসি'র পণ্যসামগ্রী প্রদর্শনের জন্য প্যাভিলিয়নকে বঙ্গবন্ধু কর্নার, পাট পলিমার ও ইনোভেশন কর্নার, ট্রেডিশনাল ও এমপিএ কর্নার, ডাইভারসিফাইড কর্নার, পাট পাতার পানীয় কর্নার, জুটো-ফাইবার গ্লাস কর্নার, মিলস্ ফার্নিশিংস কর্নার, তথ্য/অতিথি কর্নারে ভাগ করে সংশ্লিষ্ট পণ্য সামগ্রী প্রদর্শন ও বিক্রয় এর ব্যবস্থা করা হয়।

আগত দর্শনার্থীরা প্যাভিলিয়ন এবং পণ্যসামগ্রীর ভূয়সি প্রশংসা করেছেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী বীরপ্রতীক, এমপি এবং সচিব জনাব মোঃ মিজানুর রহমান মেলায় গমন করে বিজেএমসি'র প্যাভিলিয়ন পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

### খ) জাতীয় পাট দিবস ২০১৯

পাটপণ্যকে জনপ্রিয় করার লক্ষ্যে ৬মার্চ জাতীয় পাট দিবস পালিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী গত ৬ মার্চ, ২০১৯ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দিবসটির শুভ উদ্বোধন করেন এবং পাট শিল্পের সহিত জড়িত বিভিন্ন প্রতিষ্ঠানকে পুরস্কৃত করেন। এ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রাঙ্গণে 'বহুমুখী পাটপণ্য মেলা-২০১৯' উদ্বোধন করেন। তিনি বিজেএমসি'র স্টল পরিদর্শন করেন এবং পাট পাতার পানীয় এর বিষয়ে খোঁজ-খবর নেন। ০৬-০৭ মার্চ, ২০১৯ দুই দিন ব্যাপী মেলা অনুষ্ঠিত হয়। মেলায় বিজেএমসি'র স্টল পরিদর্শকারী দর্শনার্থীগণ পাট পণ্যের প্রতি তাদের ব্যাপক উৎসাহ এবং আগ্রহ প্রকাশ করেন।


### গ) ১ম জাতীয় শিল্প মেলা ২০১৯


শিল্প মন্ত্রণালয়ের আয়োজনে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের বহিরাঙ্গণে ৩১ মার্চ হতে ০৮ এপ্রিল ২০১৯ সময়ে ০৯ (নয়) দিন ব্যাপী ১ম জাতীয় শিল্প মেলা ২০১৯ অনুষ্ঠিত হয়। উক্ত মেলায় বিজেএমসি ১টি দৃষ্টিনন্দন স্টল বরাদ্দ নিয়ে অংশগ্রহণ করে। মেলায় বিজেএমসি'র স্টল পরিদর্শকারী দর্শনার্থীগণের মধ্যে পাট পণ্যের প্রতি ব্যাপক আগ্রহ লক্ষ্য করা গিয়েছে। বিশেষতঃ সোনালী ব্যাগ এবং পাট পাতার পানীয় ছিল দর্শনার্থীগণের আগ্রহের কেন্দ্রবিন্দু।


## বৈদেশিক সফর:

### ক) জার্মানি-ফিনল্যান্ড সফর

পাট পাতার পানীয় এর বাজার পর্যবেক্ষণ এবং বাজার উন্নয়নের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয়ের নেতৃত্বে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব মহোদয় এবং বিজেএমসি'র চেয়ারম্যান মহোদয়ের সমন্বয়ে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল গত ২২-২৮ এপ্রিল ২০১৯ সময়কালে জার্মানি-ফিনল্যান্ড সফর করেছে। এ সময় মাননীয় মন্ত্রী জার্মানির বাজারে ক্যান প্যাকেটে পাট পাতার পানীয় উদ্বোধন করেন। ইতোমধ্যে বিজেএমসি'র পাট পাতার পানীয় জার্মানিতে রপ্তানি হচ্ছে। এ সফরের ফলে তা আরও বৃদ্ধি পাবে মর্মে আশা করা হচ্ছে।

  
জাকির হোসেন  
উপ-ব্যবস্থাপক (বিপণন)  
বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি)  
১১৫-১২০, মতিঝিল, ঢাকা ১০১

  
MD. ZAKIR HOSSAIN KHAN  
Manager (M) BJMC  
Adamjee Court (Annex)  
Dhaka

  
শাহেদ আহসান  
মহাব্যবস্থাপক (বিপণন)  
বাংলাদেশ পাটকল কর্পোরেশন  
১১৫-১২০, মতিঝিল, ঢাকা-১০০০